

চিন প্রেসিডেন্টের বিশেষ দূত প্রধানমন্ত্রীর সংগে সাক্ষাৎ করলেন

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় চিনের প্রেসিডেন্ট মিঃ শি জিন পিং-এর বিশেষ দূত ও বিদেশমন্ত্রী মিঃ ওয়াং য়ীকে সাক্ষাতের সময় দেন। প্রধানমন্ত্রী বিশেষ দূতের মাধ্যমে উল্লেখিত প্রেসিডেন্ট শি-র মৌখিক বার্তার জন্য সন্তুষ্টি প্রকাশ করেন। উভয় দেশ তাদের উন্নয়নমুখী স্বপ্ন পূরণে প্রয়াসী বলে ভারতের নতুন সরকারের সংগে সম্পর্ক বৃদ্ধি মূল বিষয় ও বিশ্বে ভারতের ভূমিকা সম্পর্কে তাদের ইতিবাচক ধারণার পুনরুৎপত্তি এবং ভবিষ্যতে দ্বিপাক্ষিক সম্পর্কের দিশা সম্পর্কে আশা ও আকাঙ্ক্ষা এই বার্তায় রয়েছে।

এই বছরের শেষে চিনের প্রেসিডেন্ট শি-র ভারত সফর করার আমাদের আমন্ত্রণ প্রধানমন্ত্রী পুনরায় বিশেষ দূতের কাছে পুনরুৎপত্তি করেন। চিনে শীঘ্র সফর করার প্রধান মন্ত্রী লিং কেচিয়াং-এর আমন্ত্রণ প্রধানমন্ত্রী গ্রহণ করেন। উভয় দেশ কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে এই দুই সফরের এবং অন্যান্য বৈঠক ও বহুদেশীয় সম্মেলনের ফাঁকে রাষ্ট্রনেতাদের মধ্যে মত বিনিময়ের প্রস্তুতির জন্য নিজেদের মধ্যে যোগাযোগ রাখবে।

এক শক্তিশালী ও সমৃদ্ধশালী এশিয়া গড়ার জন্য প্রধানমন্ত্রী ভারত ও চিনের মধ্যে নিবিড় সহযোগিতার উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। আর্থিক ক্ষেত্রে সহযোগিতার মাধ্যমে বাণিজ্য ও লগ্নির ক্ষেত্রে পারস্পরিক সুবিধা অর্জন, সন্ত্রাসবাদ মোকাবিলায় প্রতিবেশিদেশের মতো সহযোগিতা সহ বিভিন্ন ক্ষেত্রে একজোট হওয়া, ব্যাপক ঐতিহাসিক ও আধ্যাত্মিক সম্পর্কের সমৃদ্ধশালী প্রাচীণ ঐতিহ্যের উত্তরাধিকারী হিসাবে সাংস্কৃতিক বিনিময়ের গতি আরো তীব্র করে তোলার উপরেও গুরুত্ব দেন।

নয়াদিল্লি

৯ জুন ২০১৪